

মুজিববর্ষের কূটনীতি
প্রগতি ও সম্প্রীতি



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা

প্রেস বিজ্ঞপ্তি

২২ ফেব্রুয়ারি ২০২১, টরন্টো

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেটে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কনস্যুলেট প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদার সাথে মহান শহীদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে। মিশনের সকল কর্মকর্তা-কর্মচারী এ কর্মসূচিতে অংশ নেন।



কনসাল জেনারেল নাজিম উদ্দিন আহমেদ সকালে বাংলাদেশ হাউসে জাতীয় পতাকা অর্ধনমিতকরণের মধ্য দিয়ে দিবসটির কর্মসূচি শুরু করেন। পরে কনস্যুলেট প্রাঙ্গণে বিশদ কর্মসূচী পালন করা হয়। যাতে নীরবতা পালন, ভারুয়াল শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ, মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর ভিডিও বার্তা প্রদর্শন, ভাষা আন্দোলন সম্পর্কিত একটি তথ্যচিত্র প্রদর্শন, আলোচনা এবং সংক্ষিপ্ত সাংস্কৃতিক উপস্থাপনা অন্তর্ভুক্ত ছিল।



কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ তাঁর বক্তব্যে ভাষা আন্দোলন হতে শুরু করে বাংলাদেশের স্বাধীনতা অর্জন পর্যন্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐন্দ্রজালিক নেতৃত্বের বর্ণনা দেন। তিনি বলেন- বঙ্গবন্ধু এই জাতিকে (বাঙ্গালিকে) ভাষার অধিকার থেকে থেকে শুরু করে স্বাধীনতার লাল সূর্য পর্যন্ত উপহার দিয়ে গেছেন। বিশ্বে এধরনের সুবিশাল নেতৃত্বের উদাহরণ বিরল। কনসাল জেনারেল শ্রদ্ধাবনত চিন্তে ভাষা শহীদদের অমূল্য ত্যাগের কথা স্মরণ করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীকে উদ্ধৃত করে সকলকে সঠিকভাবে বাংলা লিখা, শেখা এবং বলার আহ্বান জানান, যা হবে ভাষা শহীদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন। সবশেষে, কনসাল জেনারেল মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের অদম্য উন্নয়ন অভিযাত্রার বিবরণ তুলে ধরে সকলকে জাতির পিতার ‘সোনার বাংলা’ বিনির্মাণে অবদান রাখার আহ্বান জানান।



অনুষ্ঠানের শেষে ভাষা শহীদ, বীর মুক্তিযোদ্ধা, বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের পরলোকগত সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।